কোটি টাকার ঈদ সালামি অফার
minister Voice Control Smart Tv
ফ্রি! নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য
58MG8000P ৭১,৯৩৫
৳৬৬,৯০০
বিস্তারিত: ০৯৬০৬ ৭০০৭০০ *শর্ত প্রযোজ্য

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

বৃহস্পতিবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬১ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ০৮ আষাঢ় ১৪৩০ ॥ ০৩ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২২ জুন ২০২৩

কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



## বিএনপিকে কেন্দ্র করে আবর্তিত অগণতান্ত্রিক রাজনৈতিক অপশক্তি সুষ্ঠু নির্বাচনের প্রধান বাধা

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপিকে কেন্দ্র করে আবর্তিত অগণতান্ত্রিক রাজনৈতিক অপশক্তি এদেশের গণতন্ত্র ও সুষ্ঠু নির্বাচনের প্রধান প্রতিবন্ধকতা। গতকাল গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে ২-এর পাতায় দেখুন



## আমাদেরও ভিসানীতি আছে সবাইকে ভিসা দেই না

**নিজস্ব প্রতিবেদক :** পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, আমাদেরও নিজস্ব ভিসানীতি আছে, সবাইকে আমরা ভিসা দেই না। যারা একাত্তরে নৃশংসতা করেছে তাদের ভিসা দেওয়া হয় না। সে কারণে মার্কিন ভীসানীতির বিষয়টি ২-এর পাতায় দেখুন



## সরকারকে বাধ্য করে তত্ত্বাবধায়কের দাবি আদায় করবো

**নিজস্ব প্রতিবেকদ :** সরকারকে বাধ্য করে তত্ত্বাবধায়কের দাবি আদায় করা হবে বলে জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গতকাল বুধবার বিকেলে রাজধানীর গুলশানে হোটেল সিক্স সিজনে এক সেমিনারে এ কথা জানান তিনি।



## হজ পালনে কাল সৌদি আরব যাচ্ছেন রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন সৌদি সরকারের রাজকীয় অতিথি হিসেবে পবিত্র হজ পালনে শুক্রবার সৌদি আরব যাবেন।

প্রেস সচিব জয়নাল আবেদীন আজ বাসসকে বলেন, 'রাষ্ট্রপতি শুক্রবার বিকেলে রাজকীয় অতিথি হিসেবে পবিত্র হজ পালনে সৌদি আরব যাবেন।'

তিনি আরো বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি বিমান (ফ্লাইট নং : বিজি ৩৩১) রাষ্ট্রপতি, তাঁর স্ত্রী ড. রেবেকা সুলতানা ও অন্যান্য সফরসঙ্গীদের নিয়ে সেদিন দুপুর ২টা ৩০ মিনিটে হযরত শাহজালাল (র.) ২-এর পাতায় দেখুন

# সংবিধান অনুযায়ী নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবিধান অনুযায়ী যথাসময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে পুনর্ব্যক্ত করে বলেছেন, 'অনির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের কোন সুযোগ নেই। তাহলে তারা কেন সাংবিধানিক সংকট সৃষ্টির চেষ্টা করছে?'

তিনি আরো বলেন, 'সবাই এটা জানে (উচ্চ আদালতের রায় এবং সংবিধান সংশোধন)। এটা জানার পরও তারা কেন সাংবিধানিক সংকট তৈরির চেষ্টা করছে? এর উদ্দেশ্যটা কী? এর অর্থ গণতান্ত্রিক ধারাকে ধ্বংস করা।'

প্রধানমন্ত্রী সাম্প্রতিক সুইজারল্যান্ড ও কাতার সফরের ফলাফল নিয়ে গণভবনে আয়োজিত এক



সংবাদ সম্মেলনে একথা বলে।

শেখ হাসিনা বলেন, কোনো অনির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের কোনো সুযোগ নেই। উচ্চ আদালতের একটি রায় আছে যে- একজন নির্বাচিত সরকারপ্রধানের স্থলাভিষিক্ত হবেন অন্য নির্বাচিত সরকারপ্রধান এবং সেই অনুযায়ী সংবিধানও সংশোধন করা হয়েছে।

শেখ হাসিনা বলেন, গত সাড়ে ১৪ বছর ধরে চলমান গণতান্ত্রিক ধারা ও আর্থ-সামাজিক অগ্রগতিকে ধ্বংস করে সাংবিধানিক সংকট সৃষ্টি করাই এদের উদ্দেশ্য।

তিনি বলেন, এখন এটা দেশের জনগণের ওপর নির্ভর করছে যে- তারা ২-এর পাতায় দেখুন

# সিলেটে আনোয়ারুজ্জামানের মাথায় নগরপিতার মুকুট

**নিজস্ব প্রতিবেদক :** সিলেট সিটি করপোরেশন নির্বাচনে ১৯০টি কেন্দ্রের চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। প্রাপ্ত এই ১৯০টি কেন্দ্রের ফলাফলে ৬৮ হাজার ২শ' ৯৩ ভোট বেশি পেয়ে জয়ী হয়েছেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী আনোয়ারুজ্জামান চৌধুরী। তার নিকটকম প্রতিদ্বন্দ্বি প্রার্থী হিসেবে রয়েছেন জাতীয় পার্টি মনোনীত প্রার্থী নজরুল ইসলাম বাবুল। প্রাপ্ত কেন্দ্রের ফলাফলে নিরঙ্কুশ জয় পেয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী আনোয়ারুজ্জামান চৌধুরী।

প্রাপ্ত ফলাফল অনুযায়ী, ১৯০টি কেন্দ্রে আনোয়ারুজ্জামান চৌধুরী নৌকা প্রতীকে পেয়েছেন ১ লাখ ১৮ হাজার ৬শ' ১৪ ভোট এবং তার নিকটকম প্রতিদ্বন্দ্বি জাতীয় পার্টির নজরুল ইসলাম বাবুল লাঙ্গল প্রতীকে পেয়েছেন ৫০ হাজার ৩শ' ২১ ভোট। প্রাপ্ত ফলাফলে ৬৮ হাজার ২শ' ৯৩ ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন নিকটতম প্রতিদ্বন্দ্বি জাতীয় পার্টি মনোনীত প্রার্থী নজরুল ইসলাম বাবুল।

উল্লেখ্য, সিলেট সিটি করপোরেশন নির্বাচনে নগরের ৪২টি ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ৪ লাখ ৮৭ হাজার ৭শ' ৫৩ জন। এদের মধ্যে পুরুষ ২-এর পাতায় দেখুন

### লিটনের হ্যাটট্রিক

**নিজস্ব প্রতিবেদক :** রাজশাহী সিটি করপোরেশন নির্বাচনে নগর পিতা হিসেবে হ্যাটট্রিক করলেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এ এইচ এম খায়রুজ্জামান লিটন।

মোট ১৫৫ কেন্দ্রের ফলাফলে খায়রুজ্জামান লিটন পেয়েছেন ১,৫৯,৭৯৭। অন্যদিকে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থী মুরশিদ আলম পেয়েছেন ১৩,৩৯৩ ভোট।

উল্লেখ্য, খায়রুজ্জামান ২০০৮ সালের নির্বাচনে ২-এর পাতায় দেখুন

## ইসলামি বিশ্ববিদ্যালয়ে হল বন্ধের সিদ্ধান্ত পরিবর্তন

**নিজস্ব প্রতিবেদক :** ২৪ জুন থেকে ইসলামি বিশ্ববিদ্যালয়ে (ইবি) পবিত্র ঈদুল আজহার ছুটি শুরু হচ্ছে। সোমবার প্রভোস্ট কাউন্সিলের সভায় ক্যাম্পাস বন্ধের দুদিন আগ থেকে হল বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়। তবে গতকাল বুধবার প্রভোস্ট কাউন্সিলের জরুরি সভায় এ সিদ্ধান্ত পরিবর্তন করে আগামী ২৪ জুন হল বন্ধের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রভোস্ট কাউন্সিলের সভাপতি অধ্যাপক ড. দেবাশীষ শর্মা এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, আমরা শিক্ষার্থীদের দিকটি বিবেচনা করেই সিদ্ধান্ত পরিবর্তন করেছি। আগামী ২৪ জুন সকাল ১০টার মধ্যে শিক্ষার্থীদের হল ত্যাগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রেজিস্ট্রার অফিস সূত্র ২-এর পাতায় দেখুন

# অবাধ-সুষ্ঠু হয়েছে রাজশাহী-সিলেটের ভোট : সিইসি

**নিজস্ব প্রতিবেদক :** প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বলেছেন, আমরা দিনভর নির্বাচন মনিটরিং করেছি। সকাল ৮টা থেকে শেষ পর্যন্ত। আমি বলবো নির্বাচন অবাধ, সুষ্ঠু, আন্দমুখর পরিবেশে সম্পন্ন হয়েছে। আধাঘণ্টা প্রবল বৃষ্টির কারণে কিছুটা ব্যাঘাত হয়েছে। তবে ভোটগ্রহণ বন্ধ হয়নি। স্বাভাবিকভাবেই নির্বাচন হয়েছে।



গতকাল বুধবার বিকেলে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রাজশাহী ও সিলেট সিটি করপোরেশনের ভোটগ্রহণ শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন।

সিইসি বলেন, আমরা যে কারণে সন্তুষ্ট বোধ করছি, কোনো রকম অপ্রীতিকর ঘটনা ঘটেনি। যেটা নির্বাচনে প্রত্যাশা থাকে, ভোটার অবাধে এসে ভোট দিতে পারেন কি-না, সেই প্রশ্নে আমরা বলবো তারা এসেছেন। অবাধে ভোটাধিকার প্রয়োগ করেছেন। কোথাও বাধাপ্রাপ্ত হওয়ার খবর আমরা পাইনি। আমরা মিডিয়ার মাধ্যমে নজর রাখছিলাম। সেখানে প্রতিবেদকরা অপ্রীতিকর ২-এর পাতায় দেখুন

## করোনায় একজনের মৃত্যু শনাক্ত ১৪৬

**নিজস্ব প্রতিবেদক :** গত ২৪ ঘণ্টায় দেশে করোনা আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। এ পর্যন্ত দেশে করোনায় মোট মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৫৮ জনের। এদিন নতুন করে শনাক্ত হয়েছে ১৪৬ জন। সব মিলিয়ে শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪১ হাজার ৮৯৪ জন। গতকাল বুধবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনা বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ঢাকা সিটিসহ দেশের বিভিন্ন হাসপাতালে ও বাড়িতে উপসর্গ বিহীন রোগীসহ গত ২৪ ঘণ্টায় ৯৮ জন সুস্থ হয়েছেন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ২০ লাখ সাত হাজার ৭৪৮ ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে মোটরসাইকেলের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মোবারকগঞ্জ চিনিকলের সামনে মোটরসাইকেলের ধাক্কায় রহমত আলী (৫৭) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। এ সময় আহত হন মোটরসাইকেলের দুই আরোহী। বুধবার দুপুর আড়াইটার দিকে ঝিনাইদহ-যশোর মহাসড়কের মোবারকগঞ্জ চিনিকলের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত রহমত আলী উপজেলার মনোহরপুর গ্রামের বাসিন্দা। আহতরা হলেন- উপজেলার কলেজপাড়া এলাকার বরুণ কুমার ও মহাদেব সাহা। প্রত্যক্ষদর্শীরা ২-এর পাতায় দেখুন

## ২৭-২৮ জুন শিল্প এলাকায় ব্যাংক খোলা

**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আজহার আগে সরকারি ছুটির মধ্যেও ২৭ ও ২৮ জুন তৈরি পোশাকশিল্প এলাকায় ব্যাংকের কিছু শাখা খোলা থাকবে। এগুলোর মধ্যে রয়েছে- ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে পোশাক শিল্প এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকের শাখা। এ বিষয়ে গতকাল বুধবার বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন থেকে একটি নির্দেশনা দেওয়া হয়। এতে বলা হয়, ঈদুল আজহার আগে তৈরি পোশাকশিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয় এবং ওই শিল্পে কর্মরত শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাদের ২-এর পাতায় দেখুন

## শৈলকুপার দুধসরে উঠান বৈঠক অনুষ্ঠিত

**জোসেব বিশ্বাস, দুধসর :** ঝিনাইদহের শৈলকুপার দুধসরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে দুধসর আশ্রায়ন প্রকল্পে অনুষ্ঠিত এটি অনুষ্ঠিত হয়। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প ২য় পর্যায়ের বিশেষ উঠান বৈঠক হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করে শৈলকুপা উপজেলা নির্বাহী অফিসার



রাজিয়া আক্তার চৌধুরী। প্রধান অতিথি হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস.এম.রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা চেয়ারম্যান এম হাকিম আহাম্মেদ, শৈলকুপা উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, দুধসর ইউনিয়নের চেয়ারম্যান শাহাবুদ্দিন সাবু।





## মহেশপুরে বিজিবি'র অভিযানে উদ্ধার হওয়া ৮ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্তসহ বিভিন্ন এলাকা থেকে উদ্ধার হওয়ায় প্রায় ৮ কোটি টাকা মুল্যের মাদকদ্রব্য ধ্বংস করেছে ৫৮ বিজিবি। বুধবার দুপুরে খালিশপুর ৫৮ বিজিবির হেডকোয়ার্টারে এ মাদক ধ্বংস করা হয়। অনুষ্ঠানে বিজিবি'র কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত হোসেন, ৫৮ বিজিবির ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে গ্রীষ্মকালীন টমেটোর বাম্পার ফলন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে আগাম গ্রীষ্মকালীন টমেটা চাষে বাম্পার ফলন ফলেছে। অধিক মুনাফা পেয়ে খুশি কৃষকেরা। প্রথমবারের মতো ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের অর্থায়ানে গ্রীষ্মকালীন টমেটো প্রদর্শনী প্লটের মাধ্যমে এই টমেটো চাষের সফলতা পেয়েছেন কৃষকেরা। প্রদর্শনীর মাধ্যমে স্থাণীয় কৃষকদের মাঝেও আগ্রহ বেড়েছে। উদ্বুদ্ধ হচ্ছেন অন্যান্য কৃষকেরাও। বুধবার (২১ জুন) বিকাল ৫টার সময় প্রদর্শনী প্লটগুলো পরিদর্শন করেন উপজেলা কৃষি কর্মকর্তারা। এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা কৃষি অফিসার নূর-এ নবী, সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার জুনায়েদ হাবিব, ইউনিয়ন উপ-সহকারি কৃষি কর্মকর্তা মফিজ উদ্দীনসহ সাংবাদিক আব্দুল্লাহ আল মামুন প্রমুখ। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, এবারি প্রথম ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নে সবজী ২-এর পাতায় দেখুন



## উত্তর নারায়ণপুর মাধ্যমিক বিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক মিঠুনের বিরুদ্ধে শিক্ষার্থীদের লিখিত অভিযোগ



**নিজস্ব প্রতিবেদক :** ২০২৩ সালের জানুয়ারি মাসে ঝিনাইদহ সদর উপজেলার উত্তর নারায়ণ পুর মাধ্যমিক বিদ্যালয়ে মিঠুন কর্মকার নামে খন্ডকালীন একজন ইংরেজি শিক্ষক নিয়োগ দেয় স্কুল কতৃপক্ষ। নিয়োগ পেতে না পেতেই তার বিরুদ্ধে নানা অভিযোগ তুলেছে শিক্ষার্থীরা।

জানা গেছে খন্ডকালীন শিক্ষক মিঠুন (স্যার) শিক্ষার্থীদেরকে তার কাছে প্রাইভেট পড়তে বাধ্য করেন। শিক্ষার্থীরা তার কাছে পড়তে না চাইলে তিনি তাদেরকে পরীক্ষায় ফেল করিয়ে দেওয়ার ভয় দেখিয়ে বিভিন্ন কৌশলে প্রাইভেট পড়ার জন্য চাপাচাপি করেন বলেও অভিযোগ তুলেছে শিক্ষার্থীরা। প্রাইভেট পড়তে অস্বীকৃতি জানানো শিক্ষার্থীদের উপর ক্লাসে চলে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে পেশাজীবি গাড়িচালকদের দক্ষতা ও সচেতনতা বিষয়ক রিফ্রেসমেন্ট প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিবেদক :** "গতিসীমা মেনে চলি , সড়ক দুর্ঘটনা রোধ করি" এ শ্লোগানে ঝিনাইদহে পেশাজীবি গাড়িচালকদের দক্ষতা ও সচেতনতা বিষয়ক রিফ্রেসমেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে জেলা পরিষদ হলরুমে বাংলাদেশ সড়ক পরিবহন কতৃপক্ষ (বিআরটিএ) ঝিনাইদহ সার্কেলের আয়োজনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সেসময় উপস্থিত ছিলেন বিআরটিএ'র ঝিনাইদহের সহকারী পরিচালক প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান, ট্রাফিক ইন্সপেক্টর প্রশাসন মোঃ গোলাম মোর্শেদ , সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. মোঃ মেহেদী হাসান, বিআরটিএ'র মোটরযান প্রকৌশলী পরিদর্শক এস.এম. সবুজ ও মোটরযান প্রকৌশলী পরিদর্শক তারিক হাসান, বাংলাদেশ পোস্টের ভ্রাম্যমাণ ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে ৯ দালাল আটক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর হাসপাতালে অভিযান চালিয়ে ৯ দালালকে আটক করে জেলা ডিবি পুলিশ। পরে ভ্রাম্যমান আদালত আটক দালালদের প্রত্যেককে এক মাস করে জেল ও ২শ' টাকা করে জরিমানা করে। বুধবার দুপুরে হাসপাতালে অভিযান পরিচালনা করেন জেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এসএম নুরুন্নবী ও লায়লা ইয়াসমিন। এসময় সেখানে জেলা ডিবি পুলিশের একটি অভিযানিক দল উপস্থিত ছিলেন।



আটককৃতরা হলেন, জেলা সদরের শিকারপুর গ্রামের রিয়াকত হোসেনের ছেলে সেলিম হোসেন, হামদহ মাঝিপাড়ার নিরসল কুমারের ছেলে অপু মন্ডল, কলাবাগান এলাকার মৃত মনরঞ্জন ঘোষের ছেলে বিদ্যুৎ কুমার ঘোষ, পাসপাকিয়া গ্রামের হাসেম আলীর ছেলে, রাজু আহমেদ, ঘোপপাাড়ার তাছলিমা বেগম, মহারাজপুরের মারিয়া খাতুন, কুলচারার স্মৃতি বেগম, শেখপাড়ার আফরিন ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুতে বজ্রপাতে ২ গরুসহ কৃষকের মৃত্যু, আহত ২

**হরিণাকুণ্ডু প্রতিনিধি :** ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বজ্রপাতে দুই গরুসহ গোলাপ মুন্সী (৬০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। বুধবার বিকেল চারটার দিকে উপজেলার পারদখলপুর গ্রামের মাঠে এ ঘটনা ঘটে। তিনি একই গ্রামের ইরা বক্সের ছেলে। এসময় মামুন ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

বৃহস্পতিবার ২২ জুন ২০২৩

# নানা কৌশলে দেশে ঢুকছে বিদেশি গরু-মহিষ



**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আজহা ঘিরে নানা কৌশলে প্রতিবেশী ভারত ও মিয়ানমার থেকে গরু-মহিষ এদেশে ঢুকছে। কিছু সীমান্তে কড়া নজরদারি থাকলেও বেশ কয়েকটি এলাকা দিয়ে অন্য বছরের চেয়ে এবার দেশে বেশি পশু ঢুকছে। কখনো আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চোখ ফাঁকি দিয়ে, আবার কখনো প্রশাসনের সঙ্গে যোগসাজশে আনা হচ্ছে গবাদিপশু। চোরাপথে আসা এসব পশু বিক্রি হচ্ছে প্রকাশ্যে, রীতিমতো সীমান্ত এলাকায় হাট বসিয়ে। ওসব হাট থেকে রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলে পশু ছড়িয়ে পড়ছে। কোরবানি উপলক্ষে ভারত ও মিয়ানমার থেকে গরু আসবে না সরকারের এমন ঘোষণায় দেশি খামারিরা আশাবাদী হয়ে উঠেছিল। কিন্তু এখন সীমান্ত দিয়ে বাংলাদেশে গরু ঢোকায় লোকসানের শঙ্কায় দেশীয় খামারিরা শঙ্কায়। যদিও প্রশাসনের দাবি, ভারত ও মিয়ানমার থেকে গবাদি পশুর অনুপ্রবেশ ঠেকানো হচ্ছে। গবাদি পশু ব্যবসায়ীদের সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, বিগত কয়েক বছর ধরেই দেশে গবাদি পশু আমদানি বন্ধ। আর কোরবানির ঈদে প্রতিবছর উদ্বৃত্ত থাকে ২০ লাখের বেশি পশু। এবারও চাহিদার চেয়ে ২১ লাখ ৪১ হাজার বেশি পশু প্রস্তুত আছে। তবু ঈদুল আজহা সামনে রেখে নানা কৌশলে ভারত ও মিয়ানমার সীমান্ত গলিয়ে গরু-মহিষ দেশে ঢুকছে। বর্তমানে দেশে ছোট-বড় মিলিয়ে ২০ ২-এর পাতায় দেখুন

বুয়েট শিক্ষার্থী ফারদিন হত্যা
## অধিকতর তদন্ত প্রতিবেদন ৩০ জুলাই

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী ফারদিন নূর পরশ (২৪) হত্যা মামলার অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ৩০ জুলাই দিন ধার্য করেছেন আদালত। গতকাল বুধবার মামলার অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। এ দিন মামলার তদন্ত সংস্থা পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) প্রতিবেদন দাখিল করেনি। এজন্য ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আলী হায়দার প্রতিবেদন দাখিলের জন্য নতুন এ দিন ধার্য করেন। এর আগে গত চলতি বছরের ৬ ফেব্রুয়ারি মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের পরিদর্শক ইয়াসিন শিকদার আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। গত ১৬ এপ্রিল বাদীর নারাজি গ্রহণ করে সিআইডিকে অধিকতর তদন্ত করে প্রতিবেদন দাখিলে নির্দেশ দেন আদালত। ২০২২ সালের ৭ নভেম্বর সন্ধ্যা ৬টার দিকে নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদী থেকে ফারদিন নূর পরশের লাশ উদ্ধার করে নৌ-পুলিশ। এ ঘটনায় আমাতুল্লাহ বুশরাসহ অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে রামপুরা থানায় বাদী হয়ে মামলা করেন ফারদিনের বাবা নূরউদ্দিন রানা। মামলার পর ওই বছরের ১০ নভেম্বর রাজধানীর রামপুরা এলাকার একটি বাসা থেকে বান্ধবী ২-এর পাতায় দেখুন

# বেড়েছে সব ধরনের মসলার দাম ব্যবস্থা নেয়ার আশ্বাস প্রশাসনের



**মেহেরপুর প্রতিনিধি :** ঈদুল আজহাকে সামনে রেখে বরাবরের মতোই এবারও সব ধরনের মসলার দাম বেড়েছে। পাইকারি ও খুচরা বিক্রেতা বাজারে আদা, রসুন, এলাচ, দারুচিনি, লবঙ্গ, জিরা, হলুদ এবং ধনিয়ার দাম বেড়েছে এবং দামের এই ঊর্ধ্বগতির ধাক্কায় নিম্ন আয়ের মানুষ ভুগছে। ক্রেতাদের দাবী, ঈদের চাহিদা মেটাতে মশলার পর্যাপ্ত মজুদ থাকলেও বাড়তি মুনাফার জন্য ব্যবসায়ীরা মসলার দাম বাড়াচ্ছেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ মনিটরিংয়ের অভাবে উৎসবের আগে চাহিদা বেড়ে যাওয়ায় কিছু অসাধু ব্যবসায়ী পণ্যের দাম বাড়িয়ে দেয়। তবে প্রশাসন বলছে ইতোমধ্যে বাজার মনিটরিং শুরু হয়েছে। বেশি দামে কেউ কোন মালামাল বিক্রি করলে ব্যবস্থা নেয়া হবে। সরেজমিন বাজার ঘুরে দেখা যায়, রান্নার জন্য অত্যাবশ্যকীয় পণ্য পেঁয়াজ বিক্রি হচ্ছে ৬০ থেকে ৬৫ টাকা ২-এর পাতায় দেখুন

## জীবননগরে সড়ক দূর্ঘটনায় কলেজ ছাত্রের মৃত্যু



**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জীবননগরে সড়ক দূর্ঘটনায় জাহিদ হাসান রিয়াজ (২১) নামে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। নিহত রিয়াজ দর্শনা থানার দক্ষিণ চাঁদপুর গ্রামের নওশের আলীর ছেলে ও উথলী ডিগ্রি কলেজের ২য় বর্ষের মানবিক বিভাগের ছাত্র। বুধবার বেলা ১২ টায় জীবননগর উপজেলার সন্তোসপুর বাসস্ট্যান্ডের নিকট এ দূর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বুধবার বেলা ১২ টার দিকে মোটরসাইকেলযোগে দর্শনা থেকে খালার ২-এর পাতায় দেখুন

## স্ত্রীসহ আলেশা মার্টের চেয়ারম্যানের জামিন নামঞ্জুর

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর বনানী থানায় দায়ের করা মানি লন্ডারিং মামলায় ই-কমার্স প্রতিষ্ঠান আলেশা মার্টের চেয়ারম্যান মো. মঞ্জুর আলম সিকদার ও তার স্ত্রী সাদিয়া চৌধুরীর জামিন আবেদন কার্যতালিকা (কজলিস্ট) থেকে বাদ দিয়েছেন হাইকোর্ট। গতকাল বুধবার হাইকোর্টের বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লা ও বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। শুনানিতে রাষ্ট্রপক্ষে ২-এর পাতায় দেখুন





## মসজিদগামী রাস্তা নির্মাণের দাবিতে সংবাদ সম্মেলন

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সদর উপজেলার আমদহ বড় মসজিদগামী রাস্তা নির্মাণের দাবিতে সংবাদ সম্মেলন করা হয়েছে। বুধবার দুপুরের দিকে মেহেরপুরের স্থানীয় একটি হোটেলে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল বাংলাদেশের পক্ষে এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ও ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল বাংলাদেশের রাজনৈতিক ফেলো আলমগীর হোসেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক ও ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল বাংলাদেশের ফেলো মোহাম্মদ ইব্রাহিম আলী, মেহেরপুর যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা ছাত্রলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে আরও ২ জনের মৃত্যু হাসপাতালে ভর্তি ৩৬০

**নিজস্ব প্রতিবেদক :** গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে নতুন ৩৬০ রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ সময়ে দুই জনের মৃত্যু হয়েছে। গতকাল বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সারা দেশে নতুন ৩৬০ ডেঙ্গুরোগী বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। নতুন ভর্তি রোগীর ২৮২ জন ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন এবং ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ৭৮ জন ভর্তি হয়েছেন। বর্তমানে সারা দেশে সর্বমোট এক হাজার ৩শ ডেঙ্গুরোগী হাসপাতালে ভর্তি রয়েছেন। এর মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে এক ২-এর পাতায় দেখুন

# বেনাপোল বন্দরে ক্রেন ও ফর্কলিফট ১৫টির মধ্যে ১৩ টি অচল ॥ ব্যহত হচ্ছে পণ্য ওঠানামা



**বেনাপোল প্রতিনিধি :** বেনাপোল স্থল বন্দরে পণ্য ওঠা নামার কাজে ব্যবহৃত অধিকাংশ ক্রেন ও ফর্ক লিফট দীর্ঘদিন ধরে অচল হয়ে পড়ে আছে সেটি মেরামতের কোনো উদ্যোগ নেয়নি ঠিকাদার প্রতিষ্ঠান গ্রেড বেঙ্গল এন্টারপ্রাইজ নামে একটি ঠিকাদারী প্রতিষ্টান। এতে ভারী পণ্য ওঠানামায় হয়রানির শিকার হতে হচ্ছে ব্যবসায়ীদের। পাশাপাশি পণ্য খালাস বাধাগ্রস্ত হওয়ায় বন্দরে দেখা দিয়েছে পণ্য যানজট।

দেশের শিল্পকারখানা স্থাপনের যন্ত্রাংশ, রেল-বিদ্যুৎ প্রকল্প ও সেতু-কালভার্ট নির্মাণের মালামালসহ ভারতের সাথে যে আমদানি রফতানি বাণিজ্যের সিংহ ভাগ বেনাপোল বন্দরের মাধ্যমে সম্পাদিত হয়।বন্দর কতৃপক্ষ ভারী পণ্য ওানামার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান গ্রেড বেঙ্গল এন্টারপ্রাইজের সাথে ৫ বছরের চুক্তি করছে । তবে ঠিকাদান প্রতিষ্ঠানটির মাত্র ৭টি পুরাতন ক্রেন ও ৮টি পুরাতন ফর্ক লিফট নিয়ে বন্দরের পন্য ওঠানামানোর কাজ শুরু করে। ক্রেন ও ফর্কলিফট গুলো পুরাতন হওয়ায় ১৫টির মধ্যে ১৩ টিই অচল হয়ে পড়েছে।এখন মাত্র ১টি ক্রেন ও ১টি ফর্কলিফট সচল আছে। আগে দিনে ৭শত অধিক ট্রাক পণ্য লোড-আনলোড হলেও এখন তা ক্রমে ২-এর পাতায় দেখুন





## হরিণাকুন্ডুতে সচেতনতামূলক উঠান বৈঠক অনুষ্ঠিত

**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে সচেতনতামূলক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। হরিণাকুন্ডু উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বুধবার সকালে হরিণাকুন্ডু উপজেলা কার্যালয়ে এ চেতনতামূলক উঠান বৈঠক অনুষ্ঠিত। বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক, নারীর প্রতি সকল প্রকার সহিংসতা, ইভটিজিং, আত্মহত্যা, শিশুশ্রম, স্কুল থেকে ঝরেপড়া রোধ, মাদক প্রতিরোধ, নারী অধিকার, বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিরোধ করার জন্য এ উটান বৈঠক হয়।

# ঝিনাইদহে আমেনা খাতুন কলেজে যৌন হয়রানী প্রতিরোধে করণীয় বিষয়ে আলোচনা





**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়ীয়া আমেনা খাতুন কলেজ মিলনায়তনে যৌনহয়রানী প্রতিরোধে করনীয় বিয়য়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার আমেনা খাতুন কলেজর অধ্যক্ষ মহিদুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, যৌনহয়রানি প্রতিরোধ কমিটির সদস্য সুরাইয়া পারভিন মলি, ওয়েলফেয়ার এফোর্টস এর পরিচালক শরিফা খাতুন ও প্রভাষক সাজ্জাদুল ইসলাম মিটু। উপাধ্যক্ষ আব্দুস সালাম যৌনহয়রানি সংক্রান্ত হাইকোর্টের নির্দেশনা উপস্থিত শিক্ষার্থীদের পঠ করে শুনান। আলোচনা সভায় বক্তারা যৌনহয়রনি প্রতিরোধের মাধ্যমে সহিংসমুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থী, শিক্ষার্থী ও কলেজ সশ্লিষ্টদের প্রতি আহবান জানান। এছাড়া যৌনহয়রানি সংক্রান্ত অভিযোগ দেয়ার জন্য একটি অভিযোগ বক্স স্থাপনের পরামর্শ দেন বক্তারা।



## ঢাবিতে ভর্তির সুযোগ পাওয়া জিহাদ হাসানকে দেওয়া হলো সংবর্ধনা

**নিজস্ব প্রতিবেদক :** গরীব অস্বচ্ছল পরিবারের গরীব মেধাবী শিক্ষার্থী ঢাবিতে চাঞ্চ পাওয়া জিহাদ হাসানকে সংবর্ধনা দিয়েছে হেল্পফুল হ্যান্ড ফাউন্ডেশন। বুধবার (২১ জুন) দুপুরে ঝিনাইদহ শহরের একটি রেস্টুরেন্টে এই সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধা তালিকায় ৫১৯তম স্থান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মেধা তালিকায় ৩৬তম স্থান এবং গুচ্ছ ভর্তি পরিক্ষায় মেধা তালিকায় ৪৭১তম স্থান পাওয়া মেধাবী জিহাদ হাসান কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামের মোঃ শাজাহান আলীর ছেলে। জাহিদের পিতা একজন ইটভাঙ্গা শ্রমিক। তার বড় ভাই জাহিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্টবিজ্ঞান বিভাগের ২-এর পাতায় দেখুন

# মেহেরপুর ও মুজিবনগর শিশু পরিবারের টেন্ডারে অনিয়ম ও স্বজন প্রীতির অভিযোগ





**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সরকারী শিশু পরিবার (বালক) ও মুজিবনগর সরকারী শিশু পরিবার (বালিকা)'র ২০২৩-২০২৪ অর্থ বছরের টেন্ডারে অনিয়ম ও স্বজন প্রীতির অভিযোগ পাওয়া গেছে। মেহেরপুর জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি তার পছন্দের ঠিকাদারকে কাজ পাইয়ে দেয়ার জন্য ইতোমধ্যে সুপারিশ করেছেন বলে লিখিত অভিযোগ করেছেন ঝিলিক ওয়াশিং সেন্টারের সত্ত্বাধিকারী ঝন্টু শাহ। বুধবার দুপরে অভিযোগ পত্রটি মেহেরপুর জেলা প্রশাসক বরাবর প্রেরণ করেছেন তিনি। অভিযোগ পত্রে উল্লেখ করেন-তিনি সরকারি শিশু পরিবার (বালক), মেহেরপুর মুজিবনগর কমপ্লের সরকারি শিশু পরিবার (বালিকা) মুজিবনগর, মেহেরপুর এর ২০২৩-২০২৪ অর্থ বছরের টেণ্ডারে অংশ গ্রহণ করে দরপত্র সমূহ দাখিল করেন। তিনি একজন এতিমখানার প্রাক্তন নিবাসী হিসেবে দীর্ঘ ১০/১২ বছর ঠিকাদারের প্রতিনিধি হিসেবে সরকারি শিশু পরিবারে মালামাল সরবরাহ করে আসছেন। ২০২২-২০২৩ অর্থ বছরে খালেদ মজিবুলের নামে দুই শিশু পরিবারের সবগুলো বিভাগে সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য হওয়ার পর মুল্যায়ন কমিটি তাকে কাজ দেননি। জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কাদের মোহাম্মদ ফজলে রাব্বি ২-এর পাতায় দেখুন





সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ,* ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল,* নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।* । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮*

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# ইমার্জিং এশিয়া কাপে রানার্সআপ বাংলাদেশ

*স্পোর্টস ডেস্ক :* লক্ষ্য তেমন বড় ছিল না। কিন্তু নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে কোনো সম্ভাবনাই তৈরি করতে পারল না বাংলাদেশ-এ দল। একশর আগেই গুটিয়ে গিয়ে রানার্সআপ হয়ে সন্তুষ্ট থাকতে হলো তাদের। হংকংয়ের মিশন রোড গ্রাউন্ডে নারী ইমার্জিং টিমস এশিয়া কাপের ফাইনালে ৩১ রানের জয়ে প্রথম আসরের চ্যাম্পিয়ন হয়েছে ভারত-এ দল। ১২৮ রানের লক্ষ্যে ৪ বল বাকি থাকতে ৯৬ রানে গুটিয়ে গেছে বাংলাদেশ। ইমার্জিং দল হলেও বাংলাদেশের স্কোয়াডে ছিলেন আন্তর্জাতিক ক্রিকেটের অভিজ্ঞতাসম্পন্ন এক ঝাঁক ক্রিকেটার। ফাইনালের একাদশে ওপেনার সাথি রানি ছাড়া বাকি সবাই খেলেছেন জাতীয় দলের হয়ে। কিন্তু টুর্নামেন্টজুড়ে সেই অভিজ্ঞতার কোনো ছাপ দেখা যায়নি তাদের ব্যাটিংয়ে। গ্রুপ পর্বের ম্যাচে মালয়েশিয়ার বিপক্ষে মুর্শিদা খাতুনের ফিফটি ছাড়া টপ-অর্ডারের কেউই তেমন রান পাননি। অথচ ভারতীয় দল সাজানো হয়েছে মূলত সবশেষ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে ভালো করা ক্রিকেটারদের নিয়ে। এমনকি বর্তমান অনূর্ধ্ব-১৯ দলের ক্রিকেটারও রয়েছে তাদের দলে। অভিজ্ঞতায় পিছিয়ে থাকলেও বাংলাদেশের বিপক্ষে দাপুটে ক্রিকেট খেলেই শিরোপা জিতল তারা। ফাইনালে ব্যাট হাতে ২৩




বলে অপরাজিত ৩০ রান ও বোলিংয়ে ২ উইকেট নিয়ে ম্যাচ সেরার পুরস্কার জিতেছেন কণিকা আহুজা। এ ছাড়া ৪টি উইকেট নিয়ে বাংলাদেশের ব্যাটিং মেরুদণ্ড ভেঙে দেন শ্রেয়াঙ্কা পাতিল। টুর্নামেন্টে স্রেফ দুইটি ম্যাচ খেলার সুযোগ পেয়েছে ভারত, বৃষ্টিতে তাদের বাকি ম্যাচগুলো পরিত্যক্ত। হংকংয়ের বিপক্ষে ২ রানে ৫ উইকেট নেন শ্রেয়াঙ্কা। দুই ম্যাচে ৭ ওভারে স্রেফ ১৫ রানে ৯ উইকেট পাওয়া ২০ বছর বয়সী এই অফ স্পিনারই পেয়েছেন টুর্নামেন্ট সেরার স্বীকৃতি। রান তাড়ায় শুরুতে জীবন পান বাংলাদেশের ওপেনার সাথি। কিন্তু কাজে লাগাতে পারেননি তিনি। ২ চারে ১১ বলে ১৩ রান করে ফেরেন ড্রেসিং রুমে। আরেক ওপেনার দিলারা আক্তার করেন ৭ বলে ৫।

অধিনায়ক লতা মণ্ডল হতাশ করেন আরও একবার। তিন নম্বরে সোবহানা মোস্তারি ভালো শুরু পেলেও ইনিংস লম্বা করতে পারেননি। কনিকার বলে ক্যাচ আউট হওয়ার আগে করেন ২২ বলে ১৬ রান। টপ-অর্ডারের ব্যর্থতার পর মিডল-অর্ডারের ব্যাটাররাও পারেননি ভালো কিছু করতে। আগের ম্যাচের জয়ের কারিগর নাহিদা আক্তার অপরাজিত থাকেন ১৭ রান করে। এ ছাড়া ১৬ রান আসে অতিরিক্ত থেকে। প্রথম ভাগে টস জিতে ব্যাটিংয়ে নামা ভারতকে আঁটসাঁট বোলিংয়ে শুরুতে আটকে রাখেন মারুফা আক্তার, সানজিদা আক্তার, নাহিদারা। পাওয়ার প্লেতে ১ উইকেট হারিয়ে তারা করে ২৮ রান। অধিনায়ক শ্বেতা সেহরাওয়াত ১৩ রান করতে খেলেন ২০ বল। আরেক ওপেনার উমা ছেত্রি করেন ২০ বলে ২২ রান। তিন নম্বরে নামা দিনেশ ভ্রিন্দা রানের গতি কিছুটা বাড়ান। ৫ চার ও ১ ছক্কায় করেন ২৯ বলে ৩৬ রান। পরে কনিকার ব্যাটে ভর করে একশ ছাড়িয়ে লড়াই করার পুঁজি পায় ভারত। কিপটে বোলিংয়ে ৪ ওভারে স্রেফ ১৩ রানে ২ উইকেট নেন নাহিদা। লেগ স্পিনার রাবেয়া খান ১৪ রানে ধরেন ১ শিকার।

সংক্ষিপ্ত স্কোর:
ভারত নারী-এ দল: ২০ ওভারে ১২৭/৭ (সেহরাওয়াত ১৩, ছেত্রি ২২, ভ্রিন্দা ৩৬, তৃষা ৪, কণিকা ৩০*, সৌমিয়া ৩, শ্রেয়াঙ্কা ০, কাশভি ২, তিতাস ৮*; মারুফা ৪-০-৩৬-০, সানজিদা ৪-০-২৬-১, নাহিদা ৪-০-১৩-২, সুলতানা ৪-০-৩০-২, রাবেয়া ৪-০-১৪-১)
বাংলাদেশ নারী-এ দল: ১৯.২ ওভারে ৯৬ (সাথি ১৩, দিলারা ৫, সোবহানা ১৬, লতা ৪, মুর্শিয়া ১, স্বর্ণা ৯, নাহিদা ১৭*, রাবেয়া ৬, সুলতানা ৪, মারুফা ৩, সানজিদা ২; তিতাস ২.২-০-১৪-১, মান্নাত ৪-০-২০-৩, কাশভি ১-০-৫-০-, শ্রেয়াঙ্কা ৪-০-১৩-৪, পারশাভি ৪-০-২০-২, কণিকা ৪-০-২৩-২)
ফল: ভারত নারী-এ দল ৩১ রানে জয়ী
প্লেয়ার অব দা ম্যাচ: কণিকা আহুজা
প্লেয়ার অব দা টুর্নামেন্ট: শ্রেয়াঙ্কা পাতিল



# পাকিস্তানি ধনকুবের দাউদসহ ডুবোযানে নিখোঁজ ৫জন

*আন্তর্জাতিক ডেস্ক :* যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড নিশ্চিত করেছে, একটি কানাডিয়ান পি-৩ বিমান 'পানির নিচে শব্দ' শনাক্ত করতে সক্ষম হয়েছে। যে এলাকায় নিখোঁজ ডুবোযানটির সন্ধান চলছে সেখান থেকেই এই শব্দ শোনা গেছে। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম অভ্যন্তরীণ মার্কিন সরকারের উদ্ধৃতি দিয়ে জানায়, পানির নিচে কিছুতে আঘাতের মতো 'টুং টাং' শব্দ শোনা যাচ্ছে। তবে সিএনএনের তথ্য অনুযায়ী, কখন এবং কতক্ষণ এই শব্দ স্থায়ী হয়েছিল তা স্পষ্ট নয়। কানাডার নিউফাউন্ডল্যান্ডের উপকূলে টাইটানিকের ধ্বংসাবশেষ দেখতে তিন হাজার ৮০০ মিটার নিচে যাওয়ার পর গত রোববার পাঁচজন যাত্রীসহ ডুবোযানটি নিখোঁজ হয়। ডুবোযানে এখন ৩০ ঘণ্টারও কম অক্সিজেন বাকি আছে বলে ধারণা করছে কর্তৃপক্ষ।

সাগরে ডুব দেওয়ার পর প্রায় ১ ঘণ্টা ৪৫ মিনিটের মধ্যে ছোট এই ডুবোযানটির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এদিকে তৃতীয় দিনের উদ্ধার অভিযান রাতভর অব্যাহত রাখা হয়েছে।

# ফিলিস্তিনির হামলায় চার ইসরায়েলি নিহত

আন্তর্জাতিক ডেস্ক : অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনি বন্দুকধারীদের হামলায় চার ইসরায়েলি নিহত হয়েছে। এ ঘটনায় আহত অন্তত আরও চারজন। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। পশ্চিম তীরের অবৈধ এলি বসতির প্রবেশপথের কাছে একটি পেট্রোল স্টেশন ও রেস্টুরেন্টে গত মঙ্গলবার এ ঘটনা ঘটে। কাতার ভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা এ খবর জানিয়েছে। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) মুখপাত্র রিয়ার অ্যাডমিরাল ড্যানিয়েল হাগারি বলেন,অস্ত্রধারী দুই যুবক প্রথমে একটি রেস্টুরেন্টে হামলা চালিয়ে তিনজনকে গুলি করে হত্যা করে। এরপর পেট্রল স্টেশনের কাছে আরেকজনকে হত্যা করে। হামলাকারী দুজনের মধ্য একজনকে ঘটনাস্থলেই হত্যা করা হয়। এ সময় অন্যজন গাড়ি চুরি করে পালানোর চেষ্টা করলে তাকে ধাওয়া করা হয়। এরই মধ্যে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু জরুরি নিরাপত্তা ব্যবস্থার আহ্বান জানিয়েছেন।

# হন্ডুরাসে নারী কারাগারে সহিংসতা, নিহত ৪১

আন্তর্জাতিক ডেস্ক : মধ্য আমেরিকার দেশ হন্ডুরাসের একটি নারী কারাগারের ভেতর দুই পক্ষের সহিংসতায় কমপক্ষে ৪১ জন নিহত হয়েছে। গত মঙ্গলবার এ ঘটনা ঘটে। খবর বিবিসি। প্রতিবেদনে বলা হয়, কারাগারের ভেতর দুই গ্যাং গ্রুপের মধ্যে প্রথমে সংঘর্ষ বাধলে একটি গ্রুপ সেলের ভেতর আগুন ধরিয়ে দেয়। কারা কর্মকর্তারা জানায়, নিহতদের বেশিরভাগেরই মৃত্যু হয়েছে আগুনে পুড়ে। তবে কয়েকজন গুলিবিদ্ধও হয়েছিলেন। হন্ডুরাসের উপনিরাপত্তামন্ত্রী, জুলিসা ভিলানুভা জরুরি অবস্থা ঘোষণা করেছেন। যারা এ সহিংসতার সঙ্গে জড়িত তাদের বিচারের আওতায় আনবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি। এছাড়া আহতদের উদ্ধার করতে তাৎক্ষণিকভাবে দমকলকর্মী, পুলিশ ও সেনাবাহিনীর হস্তক্ষেপ অনুমোদন করেন জুলিসা ভিলানুভা। তিনি বলেছেন, 'মানুষের জীবনহানি সহ্য করা হবে না।' এদিকে যারা নিহত হয়েছেন তারা সবাই কয়েদি কিনা সেটি এখনো নিশ্চিত নয়। রাজধানী তেগুসিগালপা থেকে ২০ কিলোমিটার দূরে অবস্থিত এই কারাগারটিতে একসঙ্গে ৯০০ বন্দি থাকতে পারেন। এ ঘটনায় আহত কয়েকজন বন্দিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।



# ইউক্রেনের পুনর্গঠনে ৩ বিলিয়ন ডলার দেবে যুক্তরাজ্য

**আন্তর্জাতিক ডেস্ক :** যুদ্ধ বিধ্বস্ত ইউক্রেনের পুনর্গঠনে ৩০০ কোটি ডলারের বেশি সহায়তা দেয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাজ্যে। আগামী তিন বছর ইউক্রেনের অর্থনীতির চাকায় গতি ফেরাতে এ সহায়তা দেয়া হবে। গত মঙ্গলবার বিট্রিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক এ ঘোষণা দিয়েছেন বলে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম বিবিসি। লন্ডনে গতকাল বুধবার থেকে শুরু হতে যাচ্ছে ইন্টারন্যাশনাল ইউক্রেন রিকভারি কনফারেন্স। এতে ৬১টি দেশের এক হাজারের বেশি বিদেশি বিশিষ্ট ব্যক্তি, শিল্প মালিক এবং বৈশ্বিক বিনিয়োগকারী যোগ দেবেন বলে আশা করা হচ্ছে। দুই দিনের এই সম্মেলনে যুদ্ধ-বিধ্বস্ত ইউক্রেনের বিপর্যস্ত অর্থনীতি শক্তিশালী করতে বেসরকারি-খাতের বিনিয়োগকারীদের কাছ থেকে আরও সাহায্যের আশা করা হচ্ছে। ডাউনিং স্ট্রিট বলেছে, গত বছরের ফেব্রুয়ারিতে আক্রমণ শুরু হওয়ার পর থেকে ইউক্রেনের জিডিপি ২৯-শতাংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। রাশিয়ান বাহিনী দেশটির অর্থনৈতিক অবকাঠামোর পাশাপাশি শহরগুলো লক্ষ্য করে হামলা চালিয়ে আসছে। যুক্তরাজ্যের সমর্থন ইউক্রেনকে স্কুল ও হাসপাতালসহ গুরুত্বপূর্ণ জনসেবাকে শক্তিশালী করতে বিশ্বব্যাংকের প্রয়োজনীয় ঋণ উন্মুক্ত করতে সাহায্য করবে। ডাউনিং স্ট্রিট বলেছে, ৩৮টি দেশের ৪০০টিরও বেশি সংস্থার সম্মিলিত বার্ষিক আয় ১.৬ ট্রিলিয়নেরও বেশি। এই কোম্পানিগুলো ইউক্রেনের পুনরুদ্ধার এবং পুনর্গঠনকে সমর্থন করার প্রতিশ্রুতি দিয়েছে। ভার্জিন, সানোফি, ফিলিপস, হুন্ডাই এবং সিটিসহ বেশ কয়েকটি বহুজাতিক এবং বড় করপোরেশন বাণিজ্য, বিনিয়োগ এবং দক্ষতা বিনিময় উৎসাহিত করতে ইউক্রেন বিজনেস কমপ্যাক্টে স্বাক্ষর করেছে। সুনাক বলেছেন, তিনি বিনিয়োগকারীদের আস্থা উন্নত করার জন্য একটি পৃথক কাঠামো চালু করবেন। ইউক্রেনের ভবিষ্যৎ চাহিদা মেটাতে সাহায্য করার জন্য ঝুঁকি নিয়ে বাণিজ্যিক বীমা বাজারের সঙ্গে কাজ করবেন। যুক্তরাজ্য আক্রমণের শুরু থেকে ইউক্রেনকে ৩৪৭ মিলিয়ন ডলার সহায়তা প্রদান করেছে। সূত্রঃ বিবিসি

# শি জিনপিংকে 'একনায়ক' বললেন বাইডেন

*আন্তর্জাতিক ডেস্ক :* চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে সরাসরি 'একনায়ক' বলে সম্বোধন করলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। স্থানীয় সময় গত মঙ্গলবার ক্যালিফোর্নিয়ায় একটি সংস্থার অনুষ্ঠানে বাইডেন এ কথা বলেন। এদিকে, দুই দিনের চীন সফর শেষ করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। তারপরেই এই বোমা ফাটালেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট। গত ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র একটি বেলুন ধ্বংস করেছিল। তাদের অভিযোগ,



ওই বেলুনটি যুক্তরাষ্ট্রের আকাশে উড়তে দেখা গিয়েছিল। সেটি ধ্বংস করার পর ভিতরে বহু জিনিস পাওয়া গেছে, যা গুপ্তচররা ব্যবহার করেন। যুক্তরাষ্ট্রের অভিযোগ, বেলুনটি চীনের। বেলুনে করে তারা গুপ্তচরদের জন্য জিনিস পাঠাচ্ছিল। ক্যালিফোর্নিয়ার ওই অনুষ্ঠানে বাইডেন বলেন, 'শি জিনপিংয়ের মতো এক একনায়কের ওই ঘটনায় কষ্ট পাওয়ার কথা। তিনি নিশ্চয় পেয়েছেনও। বেলুনটি যে ওই জায়গায় পৌঁছে যাবে, তা তিনি জানতেন না। ওই বেলুন ধ্বংস করে চীনের গুপ্তচরদের জিনিসপত্র পাওয়া গেছে। পুরো ঘটনাটি শি জিনপিংয়ের মনে লেগেছে।' যুক্তরাষ্ট্রের এই বেলুন ধ্বংস করার ঘটনা এবং তাইওয়ানে মার্কিন কর্মকর্তাদের যাতায়াত সম্প্রতি চীনের সঙ্গে বাইডেন প্রশাসনের সম্পর্ক আরও খারাপ করেছে। করোনা মহামারির সময় থেকেই অবশ্য দুই দেশের সম্পর্ক ক্রমশ তলানিতে গিয়ে ঠেকে। প্রেসিডেন্ট ট্রাম্পের পর বাইডেনের আমলেও এ সম্পর্কের কোনো উন্নতি হয়নি। এমন পরিস্থিতিতে দুই দিনের বেইজিং সফরে গিয়েছিলেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। মনে করা হচ্ছিল, ব্লিঙ্কেনের সফর দুই দেশের সম্পর্ক খানিকটা হলেও ভালো করবে। তাইওয়ান সমস্যা, রাশিয়ার ইউক্রেন আক্রমণসহ একাধিক বিষয়ে শি জিনপিংয়ের সঙ্গে কথা বলেছেন ব্লিঙ্কেন। প্রায় পাঁচ বছর পর এত বড় পদের কোনো মার্কিন কর্মকর্তা চীন সফর করলেন। ব্লিংকেনের সফরের পর মনে করা হচ্ছিল, সম্পর্ক উন্নতির একটি রাস্তা তৈরি হয়েছে। কিন্তু, বাইডেনের সর্বশেষ মন্তব্য বুঝিয়ে দিল, চীনের সঙ্গে আলোচনা ফলপ্রসূ হয়নি।

# ম্যাচ হারলেও আফসোস নেই স্টোকসের

**স্পোর্টস ডেস্ক :** শেষ দিনের রোমাঞ্চকর লড়াই আর শেষ সময়ের স্নায়ুক্ষয়ী উত্তেজনার পর ম্যাচের শুরুর দিনকে মনে হতে পারে সুদূর অতীত। তবে এই ম্যাচের বাস্তবতাই এমন যে, প্রথম দিনের শেষ বিকেলে ফিরে যেতেই হচ্ছে। তখন যদি বেন স্টোকস আচমকা ইনিংস ঘোষণা না করতেন, তাহলে তার দল কি হারত? তুমুল বিতর্ক চলছে ইংল্যান্ডে। তবে পেছনে ফিরে আক্ষেপে পোড়ার লোক নন স্টোকস। সিদ্ধান্তটি নিয়ে নিজের কাছে একদম পরিষ্কার ইংলিশ অধিনায়ক। এজবাস্টনে জয় প্রায় মুঠোয় পেয়েও হারিয়ে ফেলেন স্টোকসরা। ২৮১ রান তাড়ায় অস্ট্রেলিয়ার ৮ উইকেট পড়ে যায় ২২৭ রানে। তবে নবম উইকেটে ৫৫ রানের অসাধারণ অবিচ্ছিন্ন জুটিতে তাদেরকে জয় এনে দেন দুই বোলার প্যাট কামিন্স ও ন্যাথান লায়ন।


যে এজবাস্টনে ২০০৫ অ্যাশেজে ২ রানের যন্ত্রণাময় হারের স্বাদ পেয়েছিল অস্ট্রেলিয়া, সেখানেই এবার তারা পায় ২ উইকেটের স্মরণীয় জয়। কাছে গিয়েও জিততে না পারার কারণ অনুসন্ধানে সবার আগেই উঠে আসছে প্রথম দিনের সেই ঘটনা। আগ্রাসী ব্যাটিংয়ে ইংল্যান্ড এগিয়ে যাচ্ছিল চারশর দিকে। জো রুট খেলছিলেন তখন ১১৮ রানে। তার সঙ্গী অলি রবিনসনও বেশ জমে গিয়েছিলেন। দিনের খেলার ২০ মিনিট বাকি থাকতে হঠাৎ ইনিংস ঘোষণা করে দেন স্টোকস। গত এক বছরে 'বাজবল' ক্রিকেটের জমানায় এরকম ইনিংস ঘোষণা আগেও গিয়েছেন স্টোকস। এবারেরটি তাই বিশাল কোনো বিস্ময় হয়ে আসেনি। তবে অ্যাশেজের প্রথম দিনেই এমনটি করা, যেখানে বিশেষজ্ঞ একজন ব্যাটসম্যান দুর্দান্ত সেঞ্চুরি করে ক্রিজে আছেন, তার সঙ্গীও সামলে নিচ্ছেন, এই প্রেক্ষাপটে ইনিংস ঘোষণা নিয়ে সেদিন থেকেই চলছে বিতর্ক। ইংল্যান্ডের সাবেক অধিনায়কদের বেশ কজনই টেস্ট চলার সময় বলেছেন, তারা নেতৃত্বে থাকলে এরকম কিছু করতেন না। হাড্ডাহাড্ডি লড়াইয়ের ম্যাচ শেষে ইংল্যান্ড অধিনায়কের সিদ্ধান্তটি নিয়ে আলোচনা-সমালোচনার জোয়ার তীব্র হয়েছে আরও। ২০০৫ অ্যাশেজ জয়ী ইংল্যান্ড অধিনায়ক মাইকেল ভন বিবিসির টেস্ট ম্যাচ স্পেশালে জোর দিয়ে বললেন, পরের টেস্টেই একইরকম পরিস্থিতি থাকলে ইনিংস ঘোষণা করবেন না স্টোকস। "ওই ৩০ বা ৪০ রান এদিন সকালে যদি বেন স্টোকসকে জিজ্ঞেস করা হয় যে, 'প্রথম দিনে জো (রুট) যদি আর ৩০টি রান করতে পারত, ওই রানগলি যদি পুঁজিতে থাকত, তাহলে কি ভালো লাগত না?' অবশ্যই তার ভালো লাগত।" "আমি নিশ্চিত করে বলতে পারি, লর্ডসে (পরের টেস্টে)




## এ্যাফিডেভিট

আমি লতা বিশ্বাস (LATA BISWAS), পিতা-মৃত তোরাপ আলী বিশ্বাস, মাতা-মছিরন নেছা, সাং-বাগডাঙ্গা, উপজেলা ও জেলা-ঝিনাইদহ। আমার পুত্র মো: আব্দুস শুকুর (MD.ABDUS SUKUR), এর দাখিল পরীক্ষায় (যার রোল নং-৪৩৫৬৬৪, রেজি নং-১০১৮৮৪৩৩২২/২০১১, শিক্ষাবর্ষ, ২০১১-১২, কেন্দ্র-ঝিনাইদহ, আলিম পরীক্ষায় (যার রোল নং-১৪১৫৮১, রেজি নং-১০১৮৮৪৩৩২২/২০১৪, শিক্ষাবর্ষ-২০১-২০১৫), উভয় শিক্ষা প্রতিষ্ঠান- শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা, উভয় শিক্ষাবোর্ড-বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড পাশ করেছে।
আমার পুত্রের দাখিল পরীক্ষার সার্টিফিকেট, রেজিস্ট্রেশন কার্ড, এ্যাডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও আলিম পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, এ্যাডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট এ আমার নাম ভুলবশত MD.SHORIFUL ISLAM লেখা হয়েছে। প্রকৃতপক্ষে আমার নাম বাংলায় লতা বিশ্বাস ও ইংরেজিতে LATA BISWAS লেখা হবে। যা বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থিত হয়ে এ্যাফিডেভিট করা হয়েছে।


## *বিনোদন*



# একসঙ্গে কী করছেন অর্ণব-অরিজিৎ

*বিনোদন ডেস্ক :* গত মঙ্গলবারের দিনটা ঢাকাই শোবিজের জন্য উজ্জ্বল ছিল। এ দিন সন্ধ্যায় শাকিব খানের ঈদের ছবি 'প্রিয়তমা'র নতুন একটি পোস্টার উন্মোচন করা হয়। যেটা মুহূর্তেই ভাইরাল হয়ে যায় অন্তর্জালে। বলা চলে, এক পোস্টারেই সব আলো নিজের দিকে টেনে নিয়েছেন তিনি। সাধারণ ভক্ত থেকে শুরু করে শোবিজের তারকা, সবার ফেসবুক দেয়ালে পোস্টারটি জায়গা করে নিয়েছে। সবাই যখন শাকিবে মাতোয়ারা, তখন আরও একটি বড় চমক হাজির হয় সোশ্যাল মিডিয়ায়। একফ্রেমে দেখা দেন অরিজিৎ সিং ও শায়ান চৌধুরী অর্ণব। বলা চলে, দুই বাংলার সংগীতে উজ্জ্বলতম নক্ষত্র তারা। অর্ণব দীর্ঘ দিন কলকাতায় ছিলেন। ফলে সেখানে তার বন্ধু-বান্ধবের বড় অংশ রয়েছে। আর সেখানকার শ্রোতাদের কাছে তো তার গানের জনপ্রিয়তা নিয়ে বাড়িয়ে বলা নিষ্প্রয়োজন। 'কোক স্টুডিও বাংলা'র কাজের ব্যস্ততার ফাঁকে তিনি এখন চেনা শহর কলকাতায় অবস্থান করছেন। সেই সূত্রেই দেখা করলেন অরিজিৎ সিংয়ের সঙ্গে। যিনি এই মুহূর্তে উপমহাদেশের সবচেয়ে সফল গায়ক বটে। ছবির সঙ্গে অর্ণব লিখলেন, 'অবশেষে! দেখুন আমার সঙ্গে কে! এতদিন পর দেখা! ধন্যবাদ অরিজিৎ এমন অসাধারণ সময়ের জন্য। ইশ যদি আরও কিছুটা সময় তোমার সঙ্গে থাকতে পারতাম। কী মজার মজার সব খাবার!' অর্ণবের দেওয়া তথ্য অনুযায়ী, গত সোমবার সন্ধ্যায় তারা সাক্ষাৎ করেছেন। আর এই সাক্ষাতকেই সবচেয়ে আনন্দদায়ক মনে হয়েছে তার। অর্ণবের ভাষ্য, 'তোমাদের সবাইকে দেখাই তো দারুণ প্রাপ্তি। আর হ্যাঁ, তোমাকে খুব শিগগিরই গান পাঠাচ্ছি। ভালোবাসি তোমাকে।' শেষ লাইনেই চমকের আভাসটা দিলেন অর্ণব। যা থেকে অনুমান করা যায়, তার সুরে অচিরেই অরিজিতের ভরাট কণ্ঠ বসতে চলেছে। তবে সেটা কি হালের আলোচিত 'কোক স্টুডিও বাংলা'র জন্য? নাকি অন্য কোনো প্রজেক্টে, তা এখনও অস্পষ্ট। তবে অর্ণব-অরিজিতের সমন্বয়ে যে অনন্য কিছুই হবে, এটুকু আস্থা শ্রোতাদের মনে আছে। প্রসঙ্গত, 'কোক স্টুডিও বাংলা'র মূল সংগীত প্রযোজক হিসেবে দায়িত্ব পালন করছেন অর্ণব। এই আয়োজনের দ্বিতীয় সিজনের প্রচার চলছে বর্তমানে। ইতোমধ্যে সিজনটির সাতটি গান প্রকাশ হয়েছে।

# 'আমার ব্যক্তিগত জীবন চাটনি বানিয়েছে মিডিয়া'

**বিনোদন ডেস্ক :** কলকাতার জনপ্রিয় অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। বরাবরই স্পষ্টবাদী স্বস্তিকা মুখার্জী। মুখে যা আসে তাই বলে দেন। আর এজন্য বিভিন্ন সময় খবরের শিরোনাম হন তিনি। এবার ভারতীয় গণমাধ্যমগুলোর ওপর ক্ষোভ ছাড়লেন এই টলিউড সুন্দরী। ভারতীয় অভিনেত্রী স্বস্তিকা মুখোপাধ্যায় এবার আঙুল তুললেন মিডিয়ার দিকে। সম্প্রতি আনন্দবাজার অনলাইনে এক সাক্ষাৎকারে স্বস্তিকা মুখোপাধ্যায় বলেছেন, 'কলকাতার মিডিয়া চিরকাল আমার ব্যক্তিগত জীবন নিয়ে চাটনি বানিয়েছে।' তিনি বলেন, আসলে কলকাতার কিছুকিছু সংবাদমাধ্যম এত কাল আমার ছবি নিয়ে কোনো চর্চাই করেনি। তার বদলে আমি কার সঙ্গে কোন হোটেলে বসে কফি খেলাম, আমার ব্যক্তিগত জীবনে কী ঘটছে, এইসব নিয়েই লিখে গিয়েছে। সেগুলো দিয়ে হয় কুলের চাটনি বানিয়েছে, নয় টমেটোর চাটনি বানিয়েছে। এই নায়িকা বলেন, এমনও হয়েছে এক বছরে আমার পাঁচটা ছবি মুক্তি পেয়েছে। তার মধ্যে দু'-তিনটে ছবি হিট। সেই সংবাদমাধ্যমগুলো এক বর্ণও লেখেনি সেই ছবিগুলো নিয়ে। এখন অবশ্য তারা সমীকরণ ঠিক করতে চায় আমার সঙ্গে। কিন্তু আমার উৎসাহ হারিয়ে গিয়েছে। সম্প্রতি স্বস্তিকাকে প্রযোজক সন্দীপ সরকার 'নগ্ন ছবির নমুনা' পাঠিয়েছেন বলে অভিযোগ উঠেছে। এরপর 'শিবপুর' সিনেমার অন্যতম প্রযোজক অজন্তা সিংহ রায় অভিযোগ করেন, ষড়যন্ত্রের মূলে রয়েছেন ছবির পরিচালক অরিন্দম ভট্টাচার্য।



# ছোট পর্দায় শাকিব ভক্তের পাগলামি

**বিনোদন ডেস্ক :** দেশ-বিদেশে ছড়িয়ে আছে সুপারস্টার শাকিব খানের লাখও ভক্ত! তাকে নিয়ে সেইসব ভক্তদের বিভিন্ন রকম পাগলামি প্রায়ই চোখে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে। তেমন এক ডাই হার্ট ফ্যানের পাগলামির গল্প নিয়ে নির্মিত হলো নাটক 'শাকিব খান লাভার'! বর্ণ নাথের পরিচালনায় এ নাটকে শাকিব খানের ডাই হার্ট ফ্যানের চরিত্রে অভিনয় করেছেন জামিল হোসেন। আরও আছেন অলংকার চৌধুরী, হারুন অর রশিদ (বান্টি ভাই) প্রমুখ। গত মঙ্গলবার দুপুরে জামিল 'শাকিব খান লাভার' নাটকের একটি পোস্টার প্রকাশ করেছেন ফেসবুকে। যেখানে দেখা যাচ্ছে শাকিব খানের 'নাকাব' ও 'ভালোবাসা আজকাল' ছবির পোস্টার, আছে নবাব এলএলবি ছবির একটি দৃশ্য! নাটকের গল্পে দেখা যাবে, শাকিব খানের লাখ লাখ পাগল ভক্তের মধ্যে একজন পাগল ভক্ত আছে যিনি সেলুনের কাজ করেন। তার সেলুন এবং নিজের ঘরে শাকিব খানের ছবি পোস্টারে ভর্তি! সে শাকিব খান ছাড়া কিছুই বোঝে না, তার জীবনের স্বপ্ন থাকে একবার শাকিব খানকে ছুঁয়ে দেখবে। সেই গ্রামে একদিন একজন ডিরেক্টর শুটিং করতে যান। তখন শাকিব খানের সেই পাগলের ভক্তের সঙ্গে পরিচয় হয় ডিরেক্টরের।



# কুরুলুস ওসমান ভক্তদের জন্য দুঃসংবাদ

**বিনোদন ডেস্ক :** ওসমানিয়া সাম্রাজ্যের ভিত্তির ওপর নির্ভর করে নির্মিত জনপ্রিয় তুর্কি সিরিজ কুরুলুস ওসমানের চতুর্থ সিজন এরইমধ্যে সমাপ্ত হয়েছে। সিরিজের পঞ্চম সিজন আসার আগেই ভক্তদের জন্য দুঃসংবাদ; ওই সিজনে থাকছেন না 'মালহুন হাতুন' চরিত্রের অভিনেত্রী ইলদিজ জাগরি আতিকসয়। তুর্কি মিডিয়ার বরাতে পাকিস্তানি সংবাদমাধ্যম ডেইলি জংগ বিষয়টি নিশ্চিত করেছে। পত্রিকাটি জানায়, 'মালহুন হাতুন' এরইমধ্যে কুরুলুস টিম থেকে বিদায় নিয়েছেন। আগামী সিজনে তাকে আর দেখা যাবে না। পরিচালক মোহাম্মদ বোজদাগ পঞ্চম সিজনের জন্য বেশ কয়েকজন অভিনেতা-অভিনেত্রীর সাথে চুক্তি নবায়ন করেছেন কিন্তু মালহুন হাতুনের সাথে ব্যাপারটি ঘটেনি। এতেই নিশ্চিত হওয়া যায় যে- তিনি পঞ্চম সিজনে থাকছেন না। 'মালহুন হাতুন' গত বছর বোরাক উকতায়ের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হন। সূত্র জানাচ্ছে- এই দম্পত্তির ঘরে নতুন অতিথি আসছেন। এ কারণেই অভিনেত্রী আগামী সিজন থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন। কুরুলুস ওসমানের চতুর্থ সিজনের শেষ পর্ব গত সপ্তাহের বুধবারে প্রচারিত হয়েছে।

# দাবার চাল উল্টে অঙ্ক বদলে দিলেন শাকিব খান

*বিনোদন ডেস্ক :* শাকিব খান। চমকের পর চমক। যেন সব হিসাব বদলে দিচ্ছেন। এই তো 'প্রিয়তমা' চলচ্চিত্রে এক লুকেই যেন আটকে ছিলেন। চমক সৃষ্টি করা বড় চুলের শাকিবকে মিলিয়েছিলেন। দুয়ে-দুয়ে চার মিলিয়ে যখন অপেক্ষা করছিল ভক্তদের একাংশ, তখনই দাবার চাল উল্টে দিয়ে অঙ্কটাকে বদলে দিলেন গত মঙ্গলবার। অন্তত ভক্তরা এমনটাই বলছেন। এবারের ঈদে মুক্তির অপেক্ষায় আছে বেশ কিছু সিনেমা। এর মধ্যে অন্যতম শাকিব খানের 'প্রিয়তমা'। শোনা যাচ্ছে, শুটিং শেষ হওয়ার আগেই এই সিনেমার হল বুকিং শুরু হয়ে গেছে। এর আগে শনিবার সন্ধ্যায় প্রকাশ পেয়েছে 'প্রিয়তমা'র ফার্স্ট লুক। গত মঙ্গলবার প্রকাশিত শাকিবের চেহারায় স্পষ্ট বয়স্ক ছাপ, মুখ ও শরীরের চামড়ায় ভাঁজ পড়ে গেছে। সাদা-পাকা লম্বা চুল। সাদা পায়জামা-পাঞ্জাবি পরে বসে আছেন এক বৃদ্ধ। জীবনসায়হ্নে এসে অপলক দৃষ্টিতে তাকিয়ে কী যেন খুঁজছেন ৮০ বছর বয়সী এই বৃদ্ধ! এক দৃষ্টিতে কিছুক্ষণ দেখলে বোঝার উপায় নেই তিনি ঢাকাই সুপারস্টার শাকিব খান। যার এই লুকটি দেখে বিস্মিত হয়েছেন নেটিজেনরাও! তারা বলছেন, এ কোন শাকিব খান? জানা যায়, শাকিব অভিনীত আসন্ন ঈদের ছবি 'প্রিয়তমা'য় এমন একটি লুকে দেখা যাবে তাকে। হিমেল আশরাফ পরিচালিত 'প্রিয়তমা'য় ৮০ বছরের অনবদ্য লুকে গত মঙ্গলবার সন্ধ্যা ৬টায় শাকিবের এই লুকটি প্রকাশ করা হয়। নিজের ফ্যান পেজে পোস্ট দিয়ে শাকিব লিখেছেন, 'আছি তোমারই অপেক্ষায়।' ৮০ বছর বয়সে বৃদ্ধ লুকে শাকিবকে নতুনভাবে পাওয়া গেছে। এর আগে ৩০ সেকেন্ডের ফার্স্ট লুকে শাকিবকে চেনা ছকে, স্টাইলিশ রূপে হাজির করা হয়েছে। লম্বা চুল, চোখে সানগ্লাস, মুখে কাপড়, পরনে টি-শার্টের সঙ্গে জিন্স জ্যাকেট। ধীর পায়ে এগিয়ে যেতে দেখা যায় শাকিবকে। শেষাংশে একটি চাকু ছুড়ে মেরেছেন আক্রমণের ভঙ্গিতে। সেই রেশ এখনো কাটেনি। যদিও সমালোচকরা শাকিবকে বলিউডের সালমানের অনুরূপ মিলিয়েছিলেন। কিন্তু গত মঙ্গলবার সে হিসাব একেবারে বদলে দিলেন। নেটিজেনদের ভাষ্য, এবারের ঈদে শাকিব খান নিজেকে ভেঙেচুরে হাজির করবেন। তার প্রচেষ্টা, তার ইঙ্গিত ইতোমধ্যে পেয়েছেন তারা।

